# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ক্রেডিট বিভাগ

ফোনঃ ০২২২৩৩-৮৮৯৪৯,
০২২২৩৩-৫৮৬৮১

ই-মেইল: dgmsme@krishibank.org.bd


নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ(শাখা-৪)এসএমই-৭(৮)/করোনা/২০২২-২৩/২৭০৪ (১২৫০) তারিখঃ ২২/০৫/২০২৩

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই খাতের জন্য বাংলাদেশ ব্যাংকের এসএমইএসপিডি সার্কুলার নং-০৯/২০২১ তারিখ ০৯/০৯/২০২১ এর আওতায় সরকার ঘোষিত বিশ হাজার কোটি টাকার প্রণোদনা প্যাকেজ (তৃতীয় ও শেষ পর্যায়) ৩০/০৬/২০২৩ তারিখের মধ্যে পূর্ণাঙ্গ বাস্তবায়ন প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অত্র বিভাগের পত্র সূত্র নং-প্রকা/ক্রেঃবিঃ/(শাখা-৪)/৭(৮)/২০২২-২০২৩/১৬৩(১২৫০), তারিখঃ ২৭/০৭/২০২২ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সম্ভাব্য অর্থনৈতিক প্রভাব মোকাবেলায় দেশের অর্থনৈতিক কর্মকান্ড পুনরুজ্জীবিতকরণের লক্ষ্যে কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তাদের (CMSME) সক্ষমতা অক্ষুন্ন রাখা এবং শিল্প কারখানায় নিয়োজিত জনবলকে কাজে বহাল রাখার প্রয়োজনে ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে স্বল্প সুদে চলতি মূলধন ঋণ/বিনিয়োগ সুবিধা প্রবর্তনের জন্য ২০২০ সালে সরকার কর্তৃক বিশ হাজার কোটি টাকার প্রণোদনা প্যাকেজ ঘোষিত হয়। উপরোক্ত পত্রমূলে ২০২২-২০২৩ অর্থবছরে (প্রণোদনা প্যাকেজের তৃতীয় ও শেষ পর্যায়) অত্র ব্যাংকের জন্য নির্ধারিত বিতরণ লক্ষ্যমাত্রা ২০০.০০ কোটি টাকা অত্র ব্যাংকের মাঠ পর্যায়ে বন্টনপূর্বক প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করা হয়। আলোচ্য প্যাকেজের মেয়াদ আগামী ৩০/০৬/২০২৩ তারিখে শেষ হবে। ১৮/০৫/২০২৩ তারিখ ভিত্তিক উক্ত প্যাকেজের আওতায় অত্র ব্যাংকের বিভাগওয়ারী ঋণ বিতরণের সার্বিক অবস্থা নিম্নরূপ ঃ

(কোটি টাকায়)

| ক্রঃনঃ | বিভাগীয় কার্যালয় | ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা | বিতরণের অর্জন | অর্জনের হার |
|---|---|---|---|---|
| ০১ | ঢাকা | ৪০.০০ | ৩২.২৭ | ৮০.৬৭% |
| ০২ | ময়মনসিংহ | ২০.০০ | ১৭.৬৩ | ৮৮.১৩% |
| ০৩ | চট্টগ্রাম | ২৫.০০ | ২০.৬৩ | ৮২.৫০% |
| ০৪ | খুলনা | ১৫.০০ | ১২.৮৫ | ৮৫.৬৫% |
| ০৫ | বরিশাল | ১০.০০ | ৮.৮৫ | ৮৮.৪৯% |
| ০৬ | সিলেট | ১৫.০০ | ১২.০১ | ৮০.০৮% |
| ০৭ | কুমিল্লা | ৩৫.০০ | ৩০.০৯ | ৮৫.৯৬% |
| ০৮ | ফরিদপুর | ১৫.০০ | ১৪.৫২ | ৯৬.৮৩% |
| ০৯ | কুষ্টিয়া | ২৪.০০ | ১৭.১৩ | ৭১.৩৬% |
| ১০ | এলপিও | ১.০০ | ০০ | ০০ |
| | মোট- | ২০০.০০ | ১৬৫.৯৬ | ৮২.৯৮% |

- উপরোক্ত সারনী পর্যালোচনায় দেখা যায়, আলোচ্য প্রণোদনা প্যাকেজের আওতায় ২০২২-২৩ অর্থবছরে ২০০.০০ কোটি টাকা বিতরণ লক্ষ্যমাত্রার বিপরীতে ১৮/০৫/২০২৩ পর্যন্ত মোট বিতরণ হয়েছে ১৬৫.৯৬ কোটি টাকা, যা মোট বিতরণ লক্ষ্যমাত্রার ৮২.৯৮%। বিভাগীয় কার্যালয় ফরিদপুর, বরিশাল, ময়মনসিংহ, খুলনা ও কুমিল্লা বিভাগের অর্জন প্রশংসনীয়। ঢাকা, কুষ্টিয়া ও সিলেট বিভাগ আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনের তুলনায় কিছুটা পিছিয়ে আছে। উল্লেখ্য, সংশ্লিষ্ট খাতে স্থানীয় মুখ্য কার্যালয় বরাদ্দকৃত ১.০০ কোটি টাকার বিপরীতে এ যাবৎ কোন ঋণ বিতরন করেনি।

০৩। এমতাবস্থায়, ২০২২-২০২৩ অর্থবছরে নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই'র আওতায় সরকার ঘোষিত ২০,০০০ (বিশ হাজার কোটি) টাকা প্রণোদনা প্যাকেজের আওতায় অত্র ব্যাংকের জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রা ২০০.০০ কোটি টাকা ১৫/০৬/২০২৩ তারিখের মধ্যে বিতরণ নিশ্চিত করার পরামর্শ দেয়া হলো। এক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক ও অত্র ব্যাংক কর্তৃক সকল সার্কুলার ও সার্কুলার লেটারে উল্লেখিত সকল নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরন করতে হবে। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ এবং অঞ্চল প্রধানগণ উক্ত বিশেষ ঋণ বিতরণ কার্যক্রম নিয়মিত মনিটরিংসহ প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবেন। উল্লেখ্য, প্যাকেজটির মেয়াদ আগামী ৩০/০৬/২০২৩ তারিখে শেষ হবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

২২/০৫

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ০২২২৩৩-৮৮৯৪৯

বিষয় ঃ করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই খাতের জন্য বাংলাদেশ ব্যাংকের এসএমইএসপিডি সার্কুলার নং-০৯/২০২১ তারিখ ০৯/০৯/২০২১ এর আওতায় সরকার ঘোষিত বিশ হাজার কোটি টাকার প্রণোদনা প্যাকেজ (তৃতীয় ও শেষ পর্যায়) ৩০/০৬/২০২৩ তারিখের মধ্যে পূর্ণাঙ্গ বাস্তবায়ন প্রসঙ্গে।

নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ(শাখা-৪)-এসএমই-৭(৮)/২০২২-২৩/ 2908 (১২৫০) তারিখঃ ২২/০৫/২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

22/05/2023

(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক